

চাহি না সুখে থাকিতে হে,
 হেরো কত দীনজন কাঁদিছে ॥
 কত শোকের ক্রন্দন গগনে উঠিছে,
 জীবনবন্ধন নিমেষে টুটিছে,
 কত ধূলিশায়ী জন মলিন জীবন
 শরমে চাহে ঢাকিতে হে ॥
 শোকে হাহাকারে বধির শ্রবণ,
 শুনিতে না পাই তোমার বচন,
 হৃদয়বেদন করিতে মোচন
 কারে ডাকি কারে ডাকিতে হে ॥
 আশার অমৃত ঢালি দাও প্রাণে,
 আশীর্বাদ করো আতুর সন্তানে -
 পথহারা জনে ডাকি গৃহপানে
 চরণে হবে রাখিতে হে ।
 প্রেম দাও শোকে করিতে সালুনা -
 ব্যথিত জনের ঘুচাতে যন্ত্রণা,
 তোমার কিরণ করহ প্রেরণ
 অক্ষ-আকুল আঁখিতে হে ॥

Parjaay: Puja O Prarthana, Taal: Ektaal (3-3), Style: Mishra Jhinjhat-Kirtan
 Visit www.geetabitan.com for notation and other detail